



## সৃজনশীল গাইবান্ধা

যুব উন্নয়নমূলক স্বেচ্ছাসেবী সংগঠন

নিবন্ধন নম্বরঃ গাই/সদর/১৫৪১/২০২৩

জামাতুল ভিলা, বাড়ি # ৮৩, রোড # ০১, টেংগরজানী, গাইবান্ধা

মোবাইল: ০১৭৬৭-১৪০১১৪, ই-মেইল: srijonshilgaibandha@gmail.com

সূত্র: সৃজনশীল গাইবান্ধা/অফিস/২০২৬/০১ - (০৭)

তারিখ: ২৬ জানুয়ারি ২০২৬

শ্রদ্ধেয় স্যার/ম্যাম,  
আসসালামু আলাইকুম।

আশা করি আপনি সুস্থ ও ভালো আছেন।

ইতিপূর্বে সৃজনশীল গাইবান্ধা-এর উপদেষ্টা টিমে আপনার সম্পৃক্ততা বিষয়ে আমাদের মধ্যে যে সৌহার্দ্যপূর্ণ আলোচনা অনুষ্ঠিত হয়েছে, তার পরিপ্রেক্ষিতে উপদেষ্টা হিসেবে যুক্ত হওয়ার বিষয়ে আপনার আন্তরিক আগ্রহ ও সম্মতির জন্য আমরা আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

সংগঠনের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়ন, কৌশলগত দিকনির্দেশনা নির্ধারণ, চলমান ও প্রস্তাবিত কার্যক্রম পর্যালোচনা এবং সার্বিক সাংগঠনিক উন্নয়ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে উপদেষ্টা সদস্যদের সমন্বয়ে একটি সভার আয়োজন করা হয়েছে। এ সভায় আপনার মূল্যবান মতামত, অভিজ্ঞতা ও পরামর্শ সৃজনশীল গাইবান্ধার কার্যক্রমকে আরও সুসংগঠিত, গতিশীল ও ফলপ্রসূ করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।

সভা সংক্রান্ত বিস্তারিত তথ্য নিম্নরূপ-

📅 তারিখ: ২৮ জানুয়ারি ২০২৬ (বুধবার)

🕒 সময়: বিকাল ৪:৩০ মিনিট

📍 স্থান: সৃজনশীল গাইবান্ধা অফিস (বাটা শো-রুমের বিপরীত পাশে), গাইবান্ধা সদর

উক্ত সভায় আপনার সম্মানিত উপস্থিতি একান্তভাবে কাম্য। আপনার সদয় উপস্থিতি ও দিকনির্দেশনা আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ও প্রেরণাদায়ক হবে।

আপনার সর্বাত্মক সহযোগিতা প্রত্যাশা করছি।

ধন্যবাদান্তে,

মোঃ মেহেদী হাসান

সভাপতি

সৃজনশীল গাইবান্ধা

📞 ০১৭৬৭-১৪০১১৪

✉ [srijonshilgaibandha@gmail.com](mailto:srijonshilgaibandha@gmail.com)